গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মনিটরিং ও রিপোর্টিং শাখা
(www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.০৩৮.০১.০২২.১৮-২৬

তারিখ : ১১ ফেব্রুয়ারি ২০১৮খ্রি: / ২৯ মাঘ ১৪২৪ ব.

প্রেরক : মো: রেজাউল করিম খান
সহকারী সচিব, কৃষি মন্ত্রণালয়।

প্রাপক : হোসেন দেলোয়ার এন্ড কো:, চার্টার্ড একাউন্টটেন্টস
৬৭/৯ ইস্টার্ন ম্যানশন, ৫/১ ও ৭/২ (৫ম ও ৭ম তলা), কাকরাইল, ঢাকা।

বিষয় : কৃষি মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের রাজস্ব বাজেটভুক্ত সমাপ্ত কর্মসূচির নিরীক্ষা ও মূল্যায়নের নিমিত্ত অডিট ফার্ম নিয়োগ।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের রাজস্ব বাজেটভুক্ত সমাপ্ত কর্মসূচি নিরীক্ষা ও মূল্যায়নের নিমিত্ত অডিট ফার্ম নিয়োগের লক্ষ্যে হোসেন দেলোয়ার এন্ড কো:, চার্টার্ড একাউন্টটেন্টস কর্তৃক দাখিলকৃত আর্থিক প্রস্তাবে উদ্ধৃত সাকুল্য দর ১৭,৭২,৫০০/- (সতের লক্ষ বাহাত্তুর হাজার পাঁচ শত) টাকা (ট্যাক্স ও ভ্যাট অন্তর্ভুক্ত) দরে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত ফার্মকে নিয়োগ প্রদান করা হলো :

১। ক. কার্য পরিধি (TOR) মোতাবেক অডিট কাজ সম্পাদন করতে হবে;
খ. হোসেন দেলোয়ার এন্ড কো:, চার্টার্ড একাউন্টটেন্টস, কর্তৃক নিরীক্ষা কার্যক্রমে প্রয়োজনীয় জনবল নিশ্চিত করতে হবে। প্রয়োজনে আরো অতিরিক্ত জনবল নিয়োগের মাধ্যমে অডিট ফার্ম কর্তৃক নির্ধারিত সময়ে কাজ সম্পাদন করতে হবে।

২। ক. নিরীক্ষা প্রতিবেদনে প্রত্যেক কর্মসূচির ভৌত ও আর্থিক অগ্রগতির পরিমাপ, সুফল লাভ, সফলতা/দুর্বলতা,সুবিধাভোগীদের মতামত, পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে সঠিকতা ও সমস্যা, সমস্যা সমাধানের পরামর্শসহ থাকতে হবে;
খ. প্রতিবেদনে বছরভিত্তিক তথ্য সন্নিবেশ করতে হবে।

৩। ক. কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে প্রচলিত সকল সরকারি বিধি-বিধান ও পদ্ধতি অনুসরণপূর্বক প্রকৃত অবস্থা নিরূপণ করতে হবে;
খ. ২০১৬-১৭ অর্থ বছরে সমাপ্ত ১৪টি কর্মসূচির পিপিএনবি এবং সংশ্লিষ্ট প্রতিবেদন/তথ্যাদি অডিট ফার্মের চাহিদা অনুযায়ী কৃষি মন্ত্রণালয় সরবরাহ করবে।

৪। ক. অডিট ফার্ম কর্মসূচি নিরীক্ষা ও মূল্যায়নের জন্য ১৭,৭২,৫০০/-(সতের লক্ষ বাহাত্তুর হাজার পাঁচশত) টাকা নিরীক্ষা ফি প্রাপ্য হবেন কোন পুনর্ভরণযোগ্য ব্যয় পৃথকভাবে প্রদান করা হবে না, অডিট ফার্মের উল্লিখিত উদ্ধৃত ফি’র মধ্যে ট্যাক্স ও ভ্যাট অন্তর্ভুক্ত আছে;
খ. নিরীক্ষা ও মূল্যায়ন শেষে প্রতিবেদন দাখিলের পর অডিট ফার্মের চূড়ান্ত ফি পরিশোধযোগ্য হবে।

৫। ক. অডিট ফার্ম কর্তৃক টেকনিক্যাল প্রস্তাবে প্রদত্ত ফ্লোচার্ট অনুযায়ী মন্ত্রণালয়কে অডিট পরিকল্পনা, অডিট টেস্টিং পর্যায়, অডিটের ফলাফল অবহিত করতে হবে;
খ. কর্মসূচির মূল্যায়নের জন্য অডিট ফার্ম সরেজমিনে জরিপ/পরিদর্শন করবে;
গ. প্রয়োজনীয় ক্ষেত্রে, অর্থাৎ প্রাপ্ত তথ্যের সঠিকতা সম্পর্কে নিশ্চিত না হওয়া গেলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদনে তা প্রতিফলিত করতে হবে।

৬। প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে অডিট ফার্ম প্রয়োজনে প্রাপ্ত তথ্য উপাত্ত সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য মন্ত্রণালয়ের সাথে আলোচনা করতে পারবে।

৭। ক. অডিট দলের তালিকা, সময়সূচী ও অডিট পরিকল্পনাসহ অন্যান্য বিষয়াদি কৃষি মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কর্মসূচি পরিচালক সময়ে সময়ে সরেজমিনে পরীক্ষা করতে পারবেন;
খ. প্রতিটি অডিটস্থলে অডিট শুরুর পরে অডিট টিম সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/কর্মসূচি পরিচালকের নিকট হতে প্রত্যয়নপত্র গ্রহণ করবে এবং তা অডিট প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে;
গ. অডিট ফার্ম মন্ত্রণালয়ে কাজের জন্য অডিট টিমের তালিকা প্রদানপূর্বক গেট পাশের জন্য আবেদন করবে। মন্ত্রণালয় গেট পাশের ব্যবস্থা করবে এবং অডিট কাজের জন্য অডিট টিমের সদস্যদের বসার ব্যবস্থা করবে।

১১/২/১৮

৮। এমতাবস্থায়, বর্ণিত শর্তসমূহের আলোকে কৃষি মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের রাজস্ব বাজেটভুক্ত সমাপ্ত ১৪টি কর্মসূচির নিরীক্ষা ও মূল্যায়নের কাজ সম্পন্নের নিমিত্ত আগামী ১৮/০২/২০১৮ তারিখের মধ্যে চুক্তি মুল্যের ৪% (শতকরা ৪ ভাগ) কার্য সম্পাদন জামানত এবং সম্মতিপত্র প্রদানসহ ৩০০/-(তিনশত) টাকার নন-রেভিনিউ স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায়, এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(মোঃ রেজাউল করিম খান)
সহকারী সচিব
ফোন-৯৫৪৯৬০৭
ই-মেইল: monitoring.reporting@yahoo.com

অনুলিপি: (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা।
২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৫। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর।
৬। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৮। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৯। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১০। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর।

সমাপ্ত কর্মসূচির নিরীক্ষা ও মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট কর্মসূচি পরিচালক এবং কর্মসূচির বাস্তবায়ন এলাকায় কর্মরত কর্মকর্তাগণকে প্রয়োজনীয় সহযোগিতা ও এ সংক্রান্ত তথ্য সরবরাহ করার নির্দেশনা প্রদানের অনুরোধ সহ।

১১। কর্মসূচি পরিচালক, রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি, বিএডিসি, রাঙ্গামাটি।
১২। কর্মসূচি পরিচালক, শেরপুর জেলা শ্রীবর্দ্দী ও ঝিনাইগাতী উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসূচি , বিএডিসি, শেরপুর।
১৩। কর্মসূচি পরিচালক, নেত্রকোনা জেলার পূর্বধলা,মদন, মোহনগঞ্জ ও খালিয়াজুরী উপজেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন কর্মসুচি, বিএডিসি, নেত্রকোনা।
১৪। কর্মসূচি পরিচালক, পাবনা জেলার চাটমোহর ভাঙ্গুরা ও ফরিদপুর উপজেলার ফসল উৎপাদন বৃদ্ধি কল্পে আধুনিক কলাকৌশল হস্তান্তর শীর্ষক কর্মসুচি, ডিএই,খামারবাড়ি, পাবনা।
১৫। কর্মসূচি পরিচালক, খামারবাড়ি কমপ্লেক্স সংস্কার, মেরামত, সংরক্ষণ ও উন্নয়ন কর্মসুচি, ডিএই, খামারবাড়ি,ঢাকা।
১৬। কর্মসূচি পরিচালক, খামারবাড়ি কমপ্লেক্স সংস্কার, মেরামত, সংরক্ষণ ও উন্নয়ন কর্মসুচি, ডিএই, খামারবাড়ি,ঢাকা।
১৭। কর্মসূচি পরিচালক, উত্তম কৃষি ব্যবস্থাপনার মাধ্যমে খাদ্য নিরাপত্তার জন্য পরিবেশ বান্ধব বিষমুক্ত নিরাপদ ফসল উৎপাদন কর্মসুচি, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
১৮। কর্মসূচি পরিচালক, বিটি কটনের জিন সনাক্তকরণ ও কার্যকারীতা নির্ধারণের গবেষণা কর্মসুচি, সিডিবি, খামারবাড়ি, ঢাকা।
১৯। কর্মসূচি পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর বরিশাল, সোনাগাজী ও সাতক্ষীরা আঞ্চলিক কার্যালয়ের গবেষণা কার্যক্রম জোরদারকরণ কর্মসুচি, ব্রি, গাজীপুর।
২০। কর্মসূচি পরিচালক, ফসল নিবিড়তা ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণে চার ফসল ভিত্তিক ফসল বিন্যাস উদ্ভাবন কর্মসূচি, বারি, গাজীপুর।
২১। কর্মসূচি পরিচালক, বীজ প্রত্যয়ন ট্যাগ আধুনিকায়ন ও বিতরণ জোরদারকরণ কর্মসূচি, এসসিএ, গাজীপুর।
২২। কর্মসূচি পরিচালক, দক্ষিণাঞ্চলীয় উপকূলীয় এলাকায় ইক্ষু চাষ ও উৎপাদন বৃদ্ধিকরণ কর্মসূচি, বিএসআরআই, ইশ্বরদি, পাবনা।
২৩। কর্মসূচি পরিচালক, অফলাইন ডিজিটাল সার সুপারিশ শীর্ষক কর্মসুচি, এসআরডিআই, খামারবাড়ি, ঢাকা।
২৪। কর্মসূচি পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির (নাটা) কার্যক্রম জোরদারকরণ কর্মসূচি, নাটা, গাজীপুর।

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৮। সহকারি প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।